**MUGBERIA GANGADHAR MAHAVIDYALAYA**
P.O.—BHUPATINAGAR, Dist.—PURBA MEDINIPUR, PIN.—721425, WEST BENGAL, INDIA
NAAC Re-Accredited B+Level Govt. aided College
CPE (Under UGC XII Plan) & NCTE Approved Institutions
DBT Star College Scheme Award Recipient
E-mail : mugberia_college@rediffmail.com // www.mugberiagangadharmahavidyalaya.ac.in

Ref. No.—M.G.M. / / / Date....................................
From—The Principal / Secretary,

# DEPARTMENT OF MUSIC

**PAPER C1T** **Prof. Pritam Katham**

**Course Contents:** **Date: 11.09.2022**

## 2. পন্ডিত বিষ্ণু নারায়ণ ভাতখন্ডেজীর ১০ ঠাট পদ্ধতি:

পন্ডিত বিষ্ণু নারায়ণ ভাতখন্ডেজীর ১০ ঠাট পদ্ধতি এই যুগে সর্বাধিক প্রসিদ্ধি লাভ করেছে। উত্তর ভারতের প্রায় সমস্ত সংগীত বিদ্যালয়েই এই ঠাট পদ্ধতিকে মান্যতা দেওয়া হয়েছে এবং তাদের পাঠ্যসূচীতে এই মতটিকেই গ্রাহ্য করা হয়েছে। উত্তর ভারতে প্রচলিত প্রায় সমস্ত রাগকেই তিনি দশ ঠাটের আওতায় নিয়ে এসেছেন। এই দশটি ঠাটের নাম হল-

১. **বিলাবল** - সব স্বর শুদ্ধ- **সা রে গা মা পা ধা নি**।

২. **কল্যাণ-** তীব্র মধ্যম - সা রে গা ***মা*** পা ধা নি।

৩. **খাম্বাজ** - কোমল নিশাদ- সা রে গা মা পা ধা **নি**।

৪. **কাফি- গা** ও **নি** কোমল- সা রে **গা** মা পা ধা **নি**।

৫.**আশাবরী- গা ধা নি** কোমল- সা রে **গা** মা পা **ধা নি**।

৬. **ভৈরবী- রে গা ধা নি** কোমল- সা **রে গা** মা পা **ধা নি**।

৭. **ভৈরব- রে** ও **ধা** কোমল- সা **রে** গা মা পা **ধা** নি।

৮. **টোড়ী- রে গা ধা** কোমল ও **মা** তীব্র - সা **রে গা** ***ম*** পা **ধা** নি।

৯. **পূর্বী** - **রে ধা** কোমল ও **মা** তীব্র- সা **রে** গা মা পা **ধা** নি।

১০.**মারোয়া- রে** কোমল ও **মা** তীব্র- সা **রে** গা ***মা*** পা ধা নি।

এই দশ ঠাটের প্রত্যেকটির নামকরণ কালে তার স্বরূপে প্রচলিত কোন একটি প্রসিদ্ধ রাগের নামে ঠাটের নামকরণ করা হয়েছে। প্রসিদ্ধ রাগটিকে **আশ্রয় রাগ** এবং ঠাটর্টিকে **জনক ঠাট** বলে।